

১৩ দেশের জন্য নতুন নিয়ম বেবিচক'র

- A Monitor Desk Report

Date: 24 October, 2021



আকাশপথে চলাচলে নতুন নিয়ম জারি করেছে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)।

করোনার একটি বা দুটি ডোজ টিকা নেওয়া আছে, বিশ্বের ১৩টি দেশ থেকে এমন ব্যক্তির বাংলাদেশে এলে তাঁদের সাত দিনের হোম কোয়ারেন্টিনে থাকতে হবে। আর এ ক্ষেত্রে যাদের কোনো টিকা নেওয়া নেই, তাঁদের সাত দিন প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনে থাকতে হবে। ১৩টি দেশ হলো আর্মেনিয়া, বুলগেরিয়া, এস্তোনিয়া, জর্জিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া, মলদোভা, মঙ্গোলিয়া, ফিলিপিন্স, রোমানিয়া, সার্বিয়া, স্লোভেনিয়া ও ইউক্রেন।

আন্তর্জাতিক ফ্লাইট চলাচলের ক্ষেত্রে বিধিনিষেধ শিথিল করে গতকাল রাতে শনিবার বেবিচক এ নির্দেশনা জারি করে।

বেবিচক জানিয়েছে, বাংলাদেশে আসতে আগ্রহীদের অবশ্যই আরটি-পিসিআর পদ্ধতিতে করোনা পরীক্ষার নেগেটিভ রিপোর্ট থাকা চাই। ফ্লাইটে ভ্রমণের ৭২ ঘণ্টার মধ্যে নমুনা পরীক্ষা করাতে হবে। তবে ১২ বছরের নিচে শিশুদের ক্ষেত্রে করোনা পরীক্ষা বাধ্যতামূলক নয়। ১৮ বছরের কম বয়সী যাত্রীরা টিকা না নিলেও টিকা নেওয়া পরিবারের অন্য সদস্যদের সঙ্গে বাংলাদেশে আসতে পারবেন।

নতুন নিয়ম চালুর ফলে গত ১৬ আগস্ট জারি করা নির্দেশনা বাতিল হয়েছে।